নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডায়রী নং- ২৯৬
তারিখ ঃ- ২৮/১/২৬
গ্রহণকারী ঃ-
অঃ সঃ | সঃ প্রঃ | উঃ বিঃ প্রঃ | নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৪
www.pwd.gov.bd

**নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২১৭.৯৯.০০০২.২১.৩৬

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন ইডেন ভবন গণপূর্ত বিভাগ, ঢাকায় কর্মরত জনাব মোঃ সাজেদুর রহমান "স্টেনোটাইপিস্ট কাম কম্পিউটার অপারেটর" নেদারল্যান্ডসের "Fontys University of Applied Sciences-এ Mechatronics Engineering" প্রোগ্রামে অধ্যয়নের উদ্দেশ্যে ০২ (দুই) বছরের শিক্ষা ছুটির জন্য আবেদন করেছেন। তার আবেদনের প্রেক্ষিতে ০১ ফেব্রুয়ারী ২০২৬খ্রিঃ তারিখ অথবা প্রকৃত দেশ ত্যাগের তারিখ থেকে অধ্যয়নকালের জন্য ০২ (দুই) বছরের শিক্ষা ছুটি নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হলো।

শর্তাবলী-

১। উপর্যুক্ত সময়ে বিদেশে অবস্থানের সময়কাল "অধ্যয়ন ছুটি (Study Leave)" হিসেবে গণ্য হবে।

২। অধ্যয়ন ছুটিকালীন সময়ে তাঁর বেতনের কোনো অংশ বৈদেশিক মুদ্রায় পরিশোধ করা হবে না।

৩। এ সংক্রান্ত সকল ব্যয়ভার (পড়াশোনা, যাতায়াত, আবাসন ও অন্যান্য খরচ) সংশ্লিষ্ট কর্মচারী নিজ দায়িত্বে বহন করবেন এবং এ বিষয়ে সরকারের কোনো আর্থিক দায় থাকবে না।

৪। অনুমোদিত সময়সীমা অতিক্রম করে কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত বিদেশে অবস্থান করা যাবে না।

৫। কোর্স সমাপ্তিতে উহার সার্টিফিকেট সরকারের নিকট দাখিল করতে হবে।

৬। অধ্যয়নকাল শেষ হলে তিনি অবিলম্বে দেশে প্রত্যাবর্তন করে তার বর্তমান পদে যোগদান করবেন।

৭। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি প্রত্যাহার করতে পারবেন।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

২৬-০১-২০২৬
(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
০২২২৩৩৮০৯৯৯(ফোন)
se_est@pwd.gov.bd

**নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২১৭.৯৯.০০০২.২১.৩৬/১ (১৪)

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, প্রশাসন শাখা-৮, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। ইহা তাঁর ২১ জানুয়ারী ২০২৬খ্রিঃ তারিখের ২৫.০০.০০০০.০০০.১৩১১০.০০৩.০৭-৬০ নম্বর স্মারকের প্রেক্ষিতে।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা মেট্রোপলিটন গণপূর্ত জোন, ঢাকা।

৩। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

৪। হাইকমিশনার, নেদারল্যান্ডস হাই কমিশন, ঢাকা, বাংলাদেশ।

৫। মহাপরিচালক, পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)/(তদন্ত), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, ঢাকা।
৯। নির্বাহী প্রকৌশলী (ষ্টাফ অফিসার), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। ইহা প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা (তাঁকে গণপূর্ত অধিদপ্তরের Website-এ প্রকাশের জন্য)।
১১। আইন কর্মকর্তা (উপসচিব), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য়-১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। জনাব মোঃ সাজেদুর রহমান, স্টেনোটাইপিস্ট কাম কম্পিউটার অপারেটর, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, ঢাকা।
১৪। অফিস কপি, গার্ড ফাইল।

২৬-০১-২০২৬
(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)